



বাংলাদেশ ফুটবল ফেডারেশন

BANGLADESH FOOTBALL FEDERATION



তারিখঃ ২৭-১১-২০২০

সংবাদ বিজ্ঞপ্তি

বীর মুক্তিযোদ্ধা, স্বাধীন বাংলা ফুটবল দলের খেলোয়াড়, দেশের কিংবদন্তী ফুটবলার ও বাংলাদেশ ফুটবল ফেডারেশনের সম্মানিত সভাপতি কাজী মোঃ সালাহউদ্দিন কোভিড-১৯ এ আক্রান্ত হওয়ায় এবং দেশের ক্রীড়া অঙ্গনের যে সকল বিশিষ্ট সংগঠকবৃন্দ কোভিড-১৯ এ আক্রান্ত হয়েছেন তাদের সকলের দ্রুত সুস্থতা কামনায় মতিঝিলস্থ বাফুফে ভবনে অদ্য ২৭-১১-২০২০ তারিখ সকাল ১০:০০ ঘটিকা পবিত্র কোরআন খতম করানো হয় এবং বাদ জুম্মা বাফুফে ভবন সংলগ্ন বিলপাড় জামে মসজিদে মিলাদ মাহফিল ও বিশেষ দোয়া অনুষ্ঠিত হয়। এছাড়াও বাংলাদেশ ও সারা বিশ্বের সকল মুসলিম উম্মার শান্তি কামনা করা হয়।

উক্ত মিলাদ মাহফিল ও বিশেষ দোয়া অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বাফুফে কার্যনির্বাহী কমিটির সদস্য জনাব টিপু সুলতান, জনাব মোঃ ইলিয়াছ হোসেন, জনাব মহিদুর রহমান মিরাজ ও বাফুফে সাধারণ সম্পাদক জনাব মোঃ আবু নাইম সোহাগ।

এছাড়াও উপস্থিত ছিলেন বাফুফে মহিলা ফুটবল কমিটির সদস্য সৈয়দ রিয়াজুল করিমসহ বাফুফে অন্যান্য কর্মকর্তা ও স্টাফবৃন্দ।

আহসান আহমেদ অমিত
হেড অব মিডিয়া
বাংলাদেশ ফুটবল ফেডারেশন।